

ঢাকা কলেজের ব্যতিক্রমী উদ্যোগ-আন্তঃছাত্রাবাস পরিচ্ছন্নতা প্রতিযোগিতা

স্টাফ রিপোর্টার || ক্যাম্পাসের সৌন্দর্যবর্ধন ও ডেঙ্গু প্রতিরোধে এডিস মশার প্রজনন ক্ষেত্র ধ্বংসে সমন্বিত পরিচ্ছন্নতা অভিযান চালিয়ে আগেই সাড়া ফেলেছিল ঐতিয়াবাহী ঢাকা কলেজ। এবার রীতিমতে পরীক্ষার মতো নম্বর বণ্টন করে শিক্ষার্থীদের নিয়ে ব্যতিক্রমী এক প্রতিযোগিতার মধ্য দিয়ে অব্যাহত পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান শুরু করতে যাচ্ছে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ। ‘আন্তঃছাত্রাবাস পরিষ্কার পরিচ্ছন্নতা প্রতিযোগিতা-২০১৯’ নামে আজ বুধবার থেকে শুরু হতে যাচ্ছে ঢাকা কলেজের এ আয়োজন। ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক নেহাল আহমেদের সরাসরি তত্ত্বাবধানে চলছে পরিষ্কার পরিচ্ছন্নতা সকল কার্যক্রম। আজ থেকে শুরু হওয়া ব্যতিক্রমী আয়োজনের বিষয়ে তিনি বলেছিলেন, আমি মনে করি একদিন বা দুদিন নয় সারাবছরেই প্রতিষ্ঠান পরিচ্ছন্নতা রাখতে হবে। তাই একদিনের কোন আয়োজন নয়, পরিচ্ছন্ন রাখতে হবে সারাবছর। আমরা আগেই পরিচ্ছন্নতার জন্য তিনটি স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে সমন্বিত পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান চালিয়েছিলাম। এবার আমরা শুরু করতে যাচ্ছি ছাত্রাবাস পরিচ্ছন্নতা প্রতিযোগিতা। যেখানে আটটি হোস্টেলের শিক্ষার্থীরাই তাদের নিজ নিজ হোস্টেল পরিচ্ছন্ন রাখবে। প্রতিমাসে যে হোস্টেল সবচেয়ে পরিচ্ছন্ন থাকবে তাদের জন্য থাকবে পুরস্কার। আবার যারা খারাপ করবে প্রতিমাসে সেই হোস্টেলের নামও ঘোষণা করা হবে। প্রতিযোগিতার জন্য ভিন্ন ভিন্ন বিষয়ে নম্বর বণ্টন করে দেয়া হয়েছে। মোট নম্বর থাবকে ৫০। বিচারক থাকবেন আমাদের শিক্ষকরা। তারা সব সময় হোস্টেলে পরিচ্ছন্নতার বিষয়টি তদারকি করবেন। যেমন আজ প্রথম দিন সকাল ১১টায় বিচারকরা তাদের বিচার কাজ শুরু করবেন।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্ত
শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লিঃ ও জনকর্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি.এ ৭৯৬।

কার্যালয়: জনকর্ত ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটার্ন,
জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা।

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মানান ভবন (দোতলা),
১৫৬ নূর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

ফোন: ৯৩৪ ৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩০৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকর্ত: www.edailyjanakantha.com

Copyright © All rights reserved by dailyjanakantha.com